BENGALI

# ফিনল্যান্ডে কাজ করা

যখন ফিনল্যান্ডে কাজ করতে আসবেন নিম্নে উল্লিখিত বিষয়গুলি বিবেচনা করুন ।




Ali

# ফিনল্যান্ডে যাওয়ার আগে

## কাজের দালালকে টাকা দিতে হবে না

আপনার কাজের জন্য কোনো দালাল বা কাজের প্রস্তাব দিয়েছেন এমন কোনো ব্যক্তিকে অথবা কোম্পানীকে কোনরকম ফী অথবা অন্য কোনো ভাবে অর্থ প্রদান করার প্রয়োজন নেই । ফিনল্যান্ডের আইন অনুসারে , এই বিষয়ের কোনো পর্যায়তেই কোনোরকম ফী চাওয়া যাবে না, এমনকি বাড়ি ফিরে যাবার পরেও । আপনার একমাত্র খরচ হল :

- আবেদন করার ফী
- নথিপত্র প্রস্তুত করার ফী এবং
- ফিনল্যান্ডে যাবার টিকিট

সব খরচের রশিদ যত্ন করে রাখবেন ।

## কর্মসংস্থান চুক্তি, বেতন এবং কাজের শর্ত

ফিনল্যান্ডে যাবার আগে নিশ্চিত করুন যে আপনাকে প্রতিশ্রুতি দেওয়া চাকরিটি সত্য কিনা। আপনি যদি নিশ্চিত না হন তবে নিকটতম ফিনিশ দূতাবাসে যোগাযোগ করুন।

নিম্নলিখিত ডকুমেন্ট-এ আপনার বেতন এবং কাজের সময় পরীক্ষা করে দেখুন

- চাকরির চুক্তিপত্রে
- আবশ্যিক কাজের অফারে
- **TEM054** - ফর্মে বা
- **TY6_plus** - সংযুক্ত ফর্ম থেকে (মরসুমি কাজ)।

আপনার বেতন জীবনযাপনের জন্য যথেষ্ট হতে হবে, কারণ ফিনল্যান্ডে থাকার খরচ অনেক।

আপনার কাজের নিয়োগকর্তা কাজ শুরু করার পরে কর্মসংস্থান চুক্তির পরিবর্তন করে আরও খারাপ করতে পারবেন না । বেতন এবং অন্যান্য সুযোগ সুবিধার উন্নতি হতে পারে ।

কাজের সমস্ত শর্ত লিখিতভাবে কাগজে অথবা ইমেইল করে জানাতে হবে। এই কাগজপত্র এবং ইমেইলগুলি যত্ন করে রেখে দেবেন, ভবিষ্যতে বিতর্কের সৃষ্টি হলে তখন প্রয়োজন হবে ।

# ফিনল্যান্ডে আসার পরে

## কর্মসংস্থান চুক্তি এবং কাজের শুরু

ফিনল্যান্ডে কাজ শুরু করতে পারবেন , যখন আপনি এখানে থাকার জন্য আবাসিক বা রেসিডেন্স পার্মিট পাবেন , অথবা আপনার মরসুমি কাজের প্রমাণপত্র বা ভিসা থাকবে । যদি আপনি সর্বাধিক তিন মাসের জন্য কাজ করতে আসেন , সেই ক্ষেত্রে আপনার রেসিডেন্স পার্মিট-র প্রয়োজন নাও হতে পারে । এই বিষয় ইমিগ্রেশন অফিসে খোঁজ নিয়ে দেখুন : migri.fi/en/work-without-residence-permit (ইংরাজী).

ফিনল্যান্ডে বেতন এবং কাজের শর্তাবলী সম্পর্কে সিদ্ধান্ত নেয় কাজের নিয়োগকর্তা এবং কর্মীদের ইউনিয়ন । তারা ন্যূনতম বেতন এবং কত ঘণ্টা কাজ করতে হবে সেই বিষয় সম্মত হয়ে কর্মসংস্থান চুক্তি প্রস্তুত করে । বেতন সাধারণত প্রতি ঘন্টায় কমপক্ষে ৮ ইউরো হতে হবে। ট্রেনিং-র সময় ও বেতন দেওয়া হয় ।

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য কর্তৃপক্ষের নির্দেশিকাতে বিভিন্ন ভাষায় ফিনল্যান্ডে কাজের শর্তাবলী সম্পর্কে বিবরণ দেওয়া আছে । নির্দেশিকা: ফিনল্যান্ডে একজন বিদেশী কর্মী হিসাবে - tyosuojelu.fi/work-in-finland

কর্মী এবং কাজের নিয়োগকর্তা একসাথে আরও একটি সুনির্দিষ্ট কর্মসংস্থান চুক্তি প্রস্তুত করেন। এই চুক্তি লিখিত ভাবে এমন একটি ভাষায় করা উচিত , যে ভাষা আপনি বুঝতে পারবেন । চুক্তিতে কাজের নিয়োগকর্তা এবং কর্মী দুজনেরই স্বাক্ষর থাকতে হবে । মৌখিক চুক্তিও করা সম্ভব , কিন্তু সেই চুক্তি প্রমাণ করা কঠিন।

আপনি যদি চুক্তির বিষয়বস্তু বুঝতে না পারেন তবে কর্মসংস্থান চুক্তিতে বা অন্য কোনো কাগজে স্বাক্ষর করবেন না। যদি কিছু বুঝতে না পারেন , জিজ্ঞাসা করুন। যদি কর্মসংস্থান চুক্তি মৌখিকভাবে করা হয় তাহলে নিয়োগকর্তা আপনাকে চাকরির শর্তাবলীর একটি লিখিত ব্যাখ্যা দেবে। আপনি অনুরোধ করলেও যদি নিয়োগকর্তা সেই ব্যাখ্যা না দেন , তাহলে পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্যকর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন।

নিয়োগকর্তা আপনার পাসপোর্ট এবং রেসিডেন্স পারমিটের একটি কপি নিতে পারেন, কিন্তু তার অধিকার নেই আপনার পাসপোর্ট বা রেসিডেন্স পার্মিট কার্ড নিজের কাছে রেখে দেবার । যাইহোক, আপনি আপনার পাসপোর্ট আপনার নিয়োগকর্তাকে নিরাপদে রাখার জন্য দিতে পারেন যদি আপনার মনে হয় এইভাবে পাসপোর্ট নিরাপদে থাকবে , যেমন , যদি একসঙ্গে অনেকে এক বাসায় থাকেন ।


WORK CONTRACT
38h/week
2200€



# কাজের নিয়োগকর্তার এবং কর্মীর অধিকার এবং দায়িত্ব

একজন বিদেশী হিসেবে, যে কোনো ফিনিশ নাগরিকের মত কর্মক্ষেত্রে আপনার একই অধিকার এবং বাধ্যবাধকতা রয়েছে, এমনকি আপনার রেসিডেন্স পার্মিট না থাকলেও।

ফিনল্যান্ডে, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য কর্তৃপক্ষ কর্মক্ষেত্রের তত্ত্বাবধান করে। কর্মক্ষেত্রে কোনো সমস্যা হলে আপনি সবসময় পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পারেন, যেমন , যদি আপনাকে খুব কম বেতন দেওয়া হয় অথবা যদি চাকরি নিরাপদ না হয়। আপনি যদি চান, আপনার পরিচয় না দিয়ে বেনামে যোগাযোগ করতে পারবেন।

আপনি শুরুতে ট্রেড ইউনিয়নে এবং কয়েক মাস কাজ করার পরে বেকারদের কাউন্টারে যোগ দিতে পারবেন । যদি আপনি বেকার হন, এই কাউন্টার থেকে দৈনিক ভাতা পাওয়া যায় । আপনার নিয়োগকর্তার সঙ্গে সমস্যার সৃষ্টি হলে ট্রেড ইউনিয়ন আপনাকে সাহায্য করতে পারবে।

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই কাজের নিরাপত্তার যত্ন নিতে হবে, কর্মক্ষেত্রের পরিবেশ , নিয়ম কানুন এবং বিভিন্ন মেশিনের ব্যবহার শেখাতে হবে এবং আপনার জন্য অবশ্যই কর্মক্ষেত্রে দুর্ঘটনার বীমাও নিতে হবে।

ফিনল্যান্ডে কাজের সময় সপ্তাহে সর্বোচ্চ ৪০ ঘণ্টা । আপনি যতক্ষণ কাজের জায়গায় থাকবেন, সেই সম্পূর্ণ সময় কাজের সময় হিসাবে দেখা হবে, আপনার যদি কোনো কাস্টমার না থাকে অথবা কাজ না থাকে তা সত্ত্বেও । প্রতি সপ্তাহে আপনার অবশ্যই বিশ্রামের দিন থাকবে।প্রতি সপ্তাহে ছুটির দিন থাকা বাধ্যতামূলক । এছাড়াও আপনি বাৎসরিক ছুটি পাবেন , সেই ছুটির সময় আপনাকে বেতন দেওয়া হবে ।

আপনি শুধুমাত্র কর্মসংস্থান চুক্তিতে উল্লিখিত এবং সম্মত হওয়া কাজটিই করবেন। আইন এবং চুক্তিতে বলা আছে যে ওভারটাইম কাজের জন্য আপনার সম্মতির প্রয়োজন আছে । ওভারটাইম কাজের জন্য চুক্তি অনুযায়ী বেতন দিতে হবে । আপনি লক্ষ্য রাখবেন আপনাকে সমস্ত কাজের সময়ের/ ঘন্টার জন্য বেতন দেওয়া হচ্ছে কিনা । কতদিন ছুটি পাবেন সেই দিকেও নজর রাখবেন ।

একটি খাতায় অথবা ফোনে লিখে রাখুন আপনি রোজ কত ঘণ্টা কাজ করছেন । আপনি কাজের ঘন্টা সহ শিফট তালিকার ছবিও তুলে রাখতে পারেন । পরে আপনার এই তথ্যের প্রয়োজন হতে পারে।

কেউ আপনাকে যৌন সম্পর্ক বা বেআইনি কাজ বা অপরাধ করতে বাধ্য করতে পারবে না। কর্মক্ষেত্রে হুমকি দেওয়া বা শারীরিক আঘাত করা আইনত অপরাধ। আপনি যখন কর্মস্থলে থাকবেন না তখন স্বাধীনভাবে চলাফেরা করার অধিকার আপনার আছে।

যদি আপনাকে হুমকি দেওয়া হয়, কর্মক্ষেত্রের বাইরে একটি নিরাপদ স্থানে যান এবং জরুরি নম্বর ১১২-এ ফোন  করুন। আপনার ফিনল্যান্ডে রেসিডেন্স পার্মিট না থাকলেও আপনি সাহায্য পাবেন।

## ব্যাংক অ্যাকাউন্ট এবং বেতন

ফিনল্যান্ডে, বেতন দেওয়া হয় ব্যাংক অ্যাকাউন্টে (মরসুমি কাজের ক্ষেত্রে বেতন নগদ টাকায় দেওয়া যেতে পারে) । ব্যাংক অ্যাকাউন্ট ব্যক্তিগত । অন্য কারুর আপনার অ্যাকাউন্ট, এ টি এম কার্ড বা ব্যাঙ্ক আইডি ব্যবহার করার অধিকার নেই।

প্রতিবার বেতনের সঙ্গে আপনাকে একটি বেতন সম্পর্কিত কাগজ (স্যালারী পেপার ) দেওয়া হবে । এই কাগজে লেখা থাকবে :

- **বেতনের পরিমাণ  (এবং কিভাবে বেতন গণনা করা হয়েছে )**
- **ভাতা**
- **সুবিধা (যেমন বাসস্থান)**
- **ট্যাক্স**
- **বেতনের সঙ্গে  আইনত অন্যান্য পাওনা**

বেতন থেকে কাজের নিয়োগকর্তা কোনরকম বেআইনি মজুরি বা খরচ কেটে নিতে পারবেন না । তিনি আপনার বেতন অথবা আংশিক বেতন আপনার অ্যাকাউন্ট থেকে অন্য অ্যাকাউন্টে পাঠিয়ে বেতনের পুনর্ব্যবহার করতে পারবেন না ।

আপনি চাওয়ার পরেও যদি আপনার নিয়োগকর্তার কাছ থেকে স্যালারী পেপার না পান, তাহলে পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য  কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন।



## আপনার পরিস্থিতির  পরিবর্তন হলে

আপনার রেসিডেন্স পারমিটের মেয়াদ শেষ হবার সময় আসলে , অনেক আগে থাকতেই আবেদন করুন । কাজের নিয়োগকর্তাকে নতুন আবেদনের শংসাপত্র এবং পরে  রেসিডেন্স পার্মিটের কার্ডটি দেখান ।

আপনি বিনা দ্বিধায় চাকরি ছেড়ে দিতে পারেন । নোটিশ দেবার  সময় সাধারণত ১৪ দিন ।ফিনল্যান্ডে  আপনার অন্য কোনো নতুন চাকরি বা এখানে থাকার অন্য কোনো কারণ না থাকলে আপনার বসবাসের অধিকার শেষ হয়ে যেতে পারে। আপনি সাধারণত একই পেশায় একটি নতুন চাকরি পেতে পারেন। আপনি যদি পেশা পরিবর্তন করেন, তাহলে আপনাকে একটি নতুন রেসিডেন্স পার্মিটের  জন্য আবেদন করতে হবে।

আপনার নিয়োগকর্তা আইন বা চুক্তি মেনে না চললে পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন। কর্মক্ষেত্রে আপনার সাথে অপরাধমূলক আচরণ করা হলে, আপনি মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা করার সংস্থার সঙ্গে যোগাযোগ করতে পারেন ফোনে : +৩৫৮ ২৯৫ ৪৬৩ ১৭৭ অথবা তাদের ওয়েবসাইটের মাধ্যমে : ihmiskauppa.fi/en সেই ক্ষেত্রে, আপনি সম্ভবত আপনার বসবাসের অনুমতির মেয়াদ বাড়িয়ে অন্য নিয়োগকর্তার কাছে কাজ শুরু করতে পারবেন ।

যদি আপনি সন্দেহ করেন যে আপনি একটি অপরাধের শিকার হয়েছেন, পুলিশের সাথে যোগাযোগ করুন (জরুরী নম্বর ১১২)। এছাড়াও আপনি ক্রাইম ভিকটিম সাপোর্টের সাথে ই-মেইল করে (help@riku.fi) এবং ফোন বা মেসেজের মাধ্যমে (টেলিফোন +৩৫৮ ৪০ ৬৩২ ৯২৯৩) যোগাযোগ করতে পারেন।

ক্রাইম ভিকটিম সাপোর্ট এবং মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা করার সংস্থার ওয়েবসাইটে আপনার নিজের ভাষায় লিখতে পারবেন অথবা আপনার সাহায্যের জন্য একজন দোভাষী পেতে পারেন। আপনি যে এই সংস্থাগুলির  সঙ্গে যোগাযোগ করেছেন সেই বিষয়ে  আপনার অনুমতি ছাড়া কাউকে জানানো হবে না।

## ফিনল্যান্ডে কর্মীদের অধিকার সম্পর্কে আরও তথ্য

**অ্যানিমেটেড (বিভিন্ন ভাষায় ):**
riku.fi/en/various+crimes/labor+exploitation

**ইমিগ্রেশন অফিস:**
নির্দেশাবলী এবং যোগাযোগ করার তথ্য ফিনিশ , সুইডিশ এবং ইংরাজী ভাষায় :
migri.fi/en/problems-at-work-

**পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য কর্তৃপক্ষ:**
ফিনল্যান্ডে একজন বিদেশী কর্মী হিসাবে, বিভিন্ন ভাষায় গাইড :
tyosuojelu.fi/work-in-finland

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য কর্তৃপক্ষ, টেলিফোনের মাধ্যমে পরামর্শ : ০২৯৫ ০১৬ ৬২০,
tyosuojelu.fi/web/en/home

**ক্রাইম ভিকটিম সাপোর্ট:**
riku.fi/laborexploitation, টেলিফোন ০৪০ ৬৩২ ৯২৯৩

**মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা করার সংস্থা:**
ihmiskauppa.fi/en, টেলিফোন  +৩৫৮ ২৯৫ ৪৬৩ ১৭৭

**SAK - এর কর্মসংস্থান পরামর্শ:**
tyoelamanpelisaannot.fi/en, টেলিফোন ০৮০০ ৪১৪ ০০৪

## ফিনল্যান্ডের  ইমার্জেন্সি ফোন নম্বর: 112

RIKOSUHRIPÄIVYSTYS
BROTTSOFFERJOUREN

Ministry of Economic Affairs
and Employment of Finland